

(2)

Ex./BANGLA/PG/3.55B/60/2018

৫. তাই-পিঙ ও পিনাঙ শ্যামদেশের এই দুটি ভূখণ্ডে রবীন্দ্রনাথকে কীভাবে অভ্যর্থনা জানানো হয়েছিল? সেখানকার সংস্কৃতির সঙ্গে রবীন্দ্রনাথ ভারত-সংস্কৃতির যোগসূত্র কীভাবে খুঁজে পেয়েছিলেন জানাও। ১০

অথবা

৬. মধ্য প্রাচ্যের সংস্কৃতির সঙ্গে ঠাকুরবাড়ির পূর্ব পরিচয় ছিল, সেই সূত্র ধরে রবীন্দ্রনাথ গিয়েছিলেন মধ্যপ্রাচ্যে। মধ্যপ্রাচ্যের ইরান সংস্কৃতির কোন্ কোন্ দিক রবীন্দ্রনাথকে বিশেষভাবে আকর্ষণ করেছিল এবং কীভাবে রবীন্দ্রনাথকে তাঁরা গ্রহণ করেছিলেন তা লেখো। ১০

— x —

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৮

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বিভাগ - বাংলা

রবীন্দ্রমনন ও বিভিন্ন সংস্কৃতি

কোর্স পি.জি. - ৩.৫৫বি

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১. উপনিষদ রবীন্দ্র-মননকে অনেকখানি নির্মাণ করেছে। আবার রবীন্দ্রনাথও উপনিষদ পড়েছেন। রবীন্দ্রনাথের উপনিষদ পড়া আসলে একজন 'আধুনিক' মানবতাবাদী কবির নিজস্ব উপনিষদ পাঠ। যুক্তিসহ এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে তোমার মতামত দাও। ১০

অথবা

২. রবীন্দ্রনাথ যখন বুদ্ধদেবকে নিয়ে আলোচনা করেন তখন বৌদ্ধ দর্শনকে সামগ্রিকভাবে দেখেন না, কতকগুলি খণ্ডিত ধারণা নিয়েই তাঁর অধিক আগ্রহ। এই মন্তব্য বিষয়ে তোমার মতামত দাও। ১০

৩. রবীন্দ্রনাথের পরিবারে ইউরোপীয় সংস্কৃতির প্রভাবের পূর্ব পটভূমিটি আলোচনা করো। ১০

অথবা

৪. আর্জেন্টিনার অভিজ্ঞতা রবীন্দ্রনাথের সৃজনশীল সত্তাকে নতুন উজ্জীবন দিয়েছিল, একথা কি তুমি সমর্থন কর? যুক্তিসহ তোমার মতামত দাও। ১০

(Turn over)